

তারিখঃ ২৭-১০-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক গ্রাসরণ্ট/ত্ণমূল ফুটবল কার্যক্রম অদ্য ২৭-১০-২০২০ তারিখ হতে নীলফামারী, মাদারীপুর ও ফেনী এই তিনটি ভেন্যুতে মোট ৬ (ছয়) টি বয়স ভিত্তিক গ্রুপের মধ্যে ছেলেদের জন্য ৪ (চার) টি গ্রুপ এবং মেয়েদের জন্য ২ (দুটি) টি গ্রুপ নির্ধারণ করে বাছাই কার্যক্রম শুরু হয়েছে। বয়স ভিত্তিক গ্রুপে ছেলে ও মেয়েদের বয়স ৮ (আট) বছর থেকে ১৮ (আঠারো) বছর। প্রতি ব্যাচে ছেলেদের সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন এবং মেয়েদের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) জন করে খেলোয়াড় নিয়ে গঠন করা হবে।

মাদারীপুর জেলায় সকাল ১০.০০ ঘটিকায় মাদারীপুর জেলা স্টেডিয়ামে জেলা প্রশাসক মিস রহিমা খাতুন, জেলা ফুটবল এসোসিয়েশনের সহ-সভাপতি জনাব জামিল হোসেন মনির, জনাব নাজিম উদ্দিন বাবু ও সাধারণ সম্পাদক জনাব ত্রিনাথ দাস উদ্বোধন করেন। পরবর্তীতে বাফুফের প্রশিক্ষক জনাব আবুল হোসেন ও স্থানীয় প্রশিক্ষকদের নিয়ে উক্ত কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত ট্রায়াল কার্যক্রমে ১৫৬ জন ছেলে ও ৪৮ জন মেয়ে অংশগ্রহণ করে।

ফেনী জেলায় সকাল ১০.০০ ঘটিকায় ফেনী ভাষা শহীদ সালাম স্টেডিয়ামে জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক জনাব আমির হোসেন বাহার, জেলা ফুটবল এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব দেলোয়ার হোসেন মুকুল উদ্বোধন করেন। বাফুফের প্রশিক্ষক জনাব দীপক চন্দ্র নাথ ও স্থানীয় প্রশিক্ষকদের নিয়ে উক্ত কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত ট্রায়াল কার্যক্রমে ২৭৫ জন ছেলে অংশগ্রহণ করে।

নীলফামারী জেলায় সকাল ১০.০০ ঘটিকায় শেখ কামাল স্টেডিয়াম নীলফামারীতে বাফুফে সদস্য ও নীলফামারী জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি জনাব আরিফ হোসেন মুন, জেলা ফুটবল এসোসিয়েশনের সদস্যবৃন্দ উদ্বোধন করেন। বাফুফের প্রশিক্ষক জনাব রাশেদ আহমেদ পাঞ্চ ও স্থানীয় প্রশিক্ষকদের নিয়ে উক্ত কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত ট্রায়াল কার্যক্রমে ৪২৮ জন ছেলে ও ৫৫ জন মেয়ে অংশগ্রহণ করে।

উক্ত ৩ (তিনি)টি ভেন্যুতে চলমান কার্যক্রম আগামী ২৮ ও ২৯ অক্টোবর ২০২০ তারিখ পর্যন্ত চলমান থাকবে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।